গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা।
(স্থানীয় সরকার শাখা)।
www.gaibandha.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.০০.০০০(অংশ-৩).১৯- ৬০২

তারিখ : ২০ ভাদ্র ১৪২৬ / ০৪ সেপ্টেম্বর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ০৮/০৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ নং স্মারকের জারীকৃত ছাড়পত্র অনুসারে গাইবান্ধা জেলাধীন ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদে ২য় পর্যায়ে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য কেবলমাত্র গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল/২০১৫,গ্রেড নং-১৬) | ২১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় শুধুমাত্র বাণিজ্য বিভাগে অথবা সমমানের পরীক্ষায় বাণিজ্য বিভাগে অন্যূন ২য় বিভাগে (সমমানের জিপিএ-তে) উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

## শর্তাবলী

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং গাইবান্ধা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নং স্মারকে জারিকৃত চাকুরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীগণ জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবরে আবেদন করবেন। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও জেলা প্রশাসক, গাইবান্ধার ওয়েবসাইট www.gaibandha.gov.bd এর notice board হতে সংগ্রহ করা যাবে। এছাড়া গাইবান্ধা জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০৩. আবেদনপত্র আগামী ০৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৪. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫. প্রার্থীর বয়সসীমা ০৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি একজন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সীলসহ) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

(ক) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি।

(ঘ) ভোটার আইডি ও জন্ম নিবন্ধন সনদের অনুলিপি (ভোটার আইডি কার্ড না থাকলে জন্ম নিবন্ধন সনদ)।

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদ পত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে

আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক ওয়ারিশান সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(ছ) জেলা প্রশাসক, গাইবান্ধার অনুকূলে তফসিলভুক্ত ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(জ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ৯ x ৪ ইঞ্চি মাপের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭. নির্ধারিত সময়ের পর প্রাপ্ত এবং অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮. চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৯. সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

১০. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটারের প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র ও কোটা সম্পর্কিত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

১১. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৪/০৯/২০১৯

(মো: আবদুল মতিন)
জেলা প্রশাসক
গাইবান্ধা।
ফোন-০৫৪১-৫১২২৬
e-mail:dcgaibandha@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.০০.০০০(অংশ-৩).১৯- ৬০২/(১০০)

তারিখ : ২০ ভাদ্র ১৪২৬ / ০৪ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩) পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক,.......................................................................(সকল)।
২. পুলিশ সুপার, গাইবান্ধা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
৪. সিভিল সার্জন, গাইবান্ধা।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সওজ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
৬. .......................................................................( জেলা পর্যায়ের কর্মকর্তা), গাইবান্ধা।
৭. উপজেলা নির্বাহী অফিসার.......................................................................(সকল), গাইবান্ধা।
৮. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালের কণ্ঠ
১০. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Observer
১১. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক মাধুকর, গাইবান্ধা।

তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভেতরের পাতায় (৭" x ১০") এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২ (দুই) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২. ওয়েব সাইট/নোটিশ বোর্ড

০৪/০৯/২০১৯

(মো: আবদুল মতিন)
জেলা প্রশাসক
গাইবান্ধা।
ফোন-০৫৪১-৫১২২৬
e-mail:dcgaibandha@mopa.gov.bd